১। **ধাতোরেকাচো হলাদেঃ ক্রিয়াসমভিহারে যঙ্** (৩।১।২২) পৌনঃপুন্যঃ ভৃশার্থশ্চ **ক্রিয়াসমভিহারঃ**॥ একস্বরবিশিষ্ট ব্যঞ্জনাদি ধাতুর উত্তর পৌনঃপুন্য (frequency) ও আতিশয্য (intensity) অর্থে বিকল্পে যঙ্ হয়। ঙ্ ইৎ যায়, এইজন্য যঙন্ত ধাতু আত্মনেপদী। ণিজন্ত ও সনন্তের ন্যায় **যঙন্তও পূর্বধাতু হইতে স্বতন্ত্র ধাতু। ইহার রূপ ভ্বাদিগণীয় আত্মনেপদী ধাতুর ন্যায়।** লিট্ বিভক্তিতে (প্রত্যয়ান্ত বলিয়া) আম্ হয় এবং আম্ এর পরে কৃ, ভূ এবং অস্ ধাতুর অনুপ্রয়োগ হয়। যথা, পুনঃ পুনঃ পঠতি (অথবা ভৃশং পঠতি)—পঠ্ যঙ্ + লট্ তে = পাপঠ্যতে ; পক্ষে বাক্য থাকে। লোট্— পাপঠ্যতাম্, লঙ্—অপাপঠ্যত, বিধিলিঙ্—পাপঠ্যেত, লৃট্—পাপঠিষ্যতে, লিট্—পাপঠ্যাঞ্চক্রে, পাপঠ্যাম্বভূব, পাপঠ্যামাস। একাচঃ কিম্—পুনঃ পুনঃ জাগর্তি। হলাদেঃ কিম্—ভৃশমীক্ষতে।

(ক) **রুচি-শুভোস্তু ভৃশার্থে ন**—আতিশয্য অর্থে রুচ্ ও শুভ্-ধাতুর উত্তর যঙ্ হয় না। যথা, ভৃশং রোচতে, ভৃশং শোভতে। পৌনঃপুন্যে তু স্যাদেব। যথা, পুনঃ পুনঃ রোচতে—রোরুচ্যতে, পুনঃ পুনঃ শোভতে—শোশুভ্যতে।

(খ) **সূচি-সূত্রি-মূত্র্যট্যর্ত্যশূর্ণোতিভ্যো যঙ্ বাচ্যঃ** (বা)—সূচ্ (to hint), সূত্র (to string together), মূত্র (to make water), অট্ (to walk), ঋ (to go), অশ্ (to eat), ঊর্ণু (to conceal) এই সাতটি ধাতু একস্বর বা হলাদি না হইলেও ইহাদের উত্তর যঙ্ হয়। যথা, সোসূচ্যতে, সোসূত্র্যতে, মোমূত্র্যতে, অটাট্যতে, অরার্য্যতে, অশাশ্যতে, প্রোর্ণোনূয়তে। সোপসর্গাৎ মা ভূৎ—ভৃশং প্রাটতি।

২। **নিত্যং কৌটিল্যে গতৌ** (৩।১।২৩)—গমনার্থক ধাতুর উত্তর **বক্রগতি** অর্থে যঙ্ হয়, ক্রিয়াসমভিহারে হয় না। যথা, বক্রং গচ্ছতি—

Scanned with CamScanner

জঙ্গম্যতে, কুটিলং ব্রজতি—বাব্রজ্যতে, কুটিলং ক্রামতি—চঙ্‌ক্রম্যতে। বক্রগতৌ কিম্? পুনঃ পুনঃ (অতিশয়েন বা) গচ্ছতি কিন্তু (এস্থলে যঙ্ হইবে না।) পুনঃ পুনঃ (অতিশয়েন বা) বক্রং গচ্ছতি ইত্যত্র জঙ্গম্যতে ইতি স্যাদেব।

৩। **লুপ-সদ-চর-জপ-জভ-দহ-দশ-গৃভ্যো ভাব-গর্হায়াম্** (৩।১।২৪)—**নিন্দিত** বা **গর্হিত** ভাবে ক্রিয়ানুষ্ঠান বুঝাইলে লুপ্ প্রভৃতি আটটি ধাতুর উত্তর যঙ্ হয়, ক্রিয়াসমভিহারে হয় না। যথা, গর্হিতং লুম্পতি—লোলুপ্যতে (cuts awkwardly), কুৎসিতং সীদতি—সাসদ্যতে (falls down badly), গর্হিতং চরতি—চঞ্চূর্যতে (goes badly), গর্হিতং জপতি—জঞ্জপ্যতে, গর্হিতং জভতি—জঞ্জভ্যতে, গর্হিতং দহতি—দন্দহ্যতে, গর্হিতং দশতি—দন্দশ্যতে, কুৎসিতং গিরতি গিলতি বা—জেগিল্যতে। যত্তু **দন্দহ্যতে** লোকমদো দুঃখাকরোতি মাম্।

## কতিপয় যঙন্ত ধাতু

অট্—অটাট্যতে
অশ্—অশাশ্যতে
কুপ্—চোকুপ্যতে
কৄ—কোকূয়তে, চোকূয়তে
কৃ—চেক্রীয়তে
কৃত—চরীকৃত্যতে
কৃষ্—চরীকৃষ্যতে
ক্রন্দ্—চাক্রন্দ্যতে
ক্রম্—চঙ্‌ক্রম্যতে
গদ্—জাগদ্যতে
গম্—জঙ্গম্যতে
গৈ—জেগীয়তে
গ্রহ্—জরীগৃহ্যতে
ঘ্রা—জেঘ্রীয়তে
চর্—চঞ্চূর্য্যতে
চল্—চঞ্চল্যতে
চি—চেচীয়তে
জি—জেজীয়তে
জ্বল্—জাজ্বল্যতে
তপ্—তাতপ্যতে
দন্‌শ্—দন্দশ্যতে
দহ্—দন্দহ্যতে
দা—দেদীয়তে
দীপ্—দেদীপ্যতে
দৃশ্—দরীদৃশ্যতে
ধ্মা— দেধ্মীয়তে
নম্—নংনম্যতে
নী—নেনীয়তে
নৃত্—নরীনৃত্যতে
পচ্—পাপচ্যতে
পত্—পনীপত্যতে
পা—পেপীয়তে
প্রচ্ছ্—পরীপৃচ্ছ্যতে
ব্রূ—বাবচ্যতে
ভুজ্—বোভুজ্যতে
ভূ—বোভূয়তে
ভ্রম্—বম্ভ্রম্যতে
মন্থ্—মামথ্যতে
যজ্—যাযজ্যতে
যম্—সংযম্যতে
রুদ্—রোরুদ্যতে
লস্‌জ্—লালজ্জ্যতে
লিখ্—লেলিখ্যতে
বঞ্চ্— বনীবচ্যতে
বদ্—বাবদ্যতে

Scanned with CamScanner